# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৩৬২/নরসিংদী/৬৯৩ তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সনের এসএসসি পরীক্ষায় শতভাগ জিপিএ-৫ অর্জনের বিষয়ে কারণ ব্যাখ্যা প্রসঙ্গে।
সূত্র: ১৪/০৮/২০২৬ তারিখে 'ঢাকা পোস্ট' পত্রিকাসহ বিভিন্ন পত্রিকান্তরে প্রকাশিত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সনের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর নরসিংদী জেলার নরসিংদী সদর উপজেলার "নাসিমা কাদির মোল্লা হাই স্কুল এন্ড হোমস্" এর শতভাগ জিপিএ-৫ অর্জনের জন্য 'নিয়ম-বর্হিভূত কৌশল' অবলম্বনের অভিযোগ উত্থাপিত হয়েছে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানটিতে ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য, ৯ম শ্রেণিতে নিবন্ধিত শিক্ষার্থীর তথ্য, এসএসসি'র নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর তথ্য এবং এসএসসি পরীক্ষায় ফরমপূরণকৃত শিক্ষার্থীর তথ্য (ক্ষেত্রমত পাঠদান, বিভাগ ও অতিরিক্ত শ্রেণি শাখার অনুমতিপত্রসহ) উপস্থাপন পূর্বক স্ব-শরীরে উপস্থিত হয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উত্থাপিত অভিযোগের কারণ ব্যাখ্যার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যানের আদেশক্রমে

16.8.26

প্রফেসর ড. মো. মাসুদ রানা খান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ৫৮৬৯১০০৬৯
ই-মেইল is@dhakaeducationboard.gov.bd

প্রধান শিক্ষক
নাসিমা কাদির মোল্লা হাই স্কুল এন্ড হোমস
নরসিংদী সদর, নরসিংদী

মেমো নং- ৬৯৩ (৫) তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্যে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
২. জেলা প্রশাসক, নরসিংদী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী;
৪. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী
৫. পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি

16.8.26

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা